দৈনিক জনকণ্ঠ

২৬৭

তারিখ MAY 0 1 2000
পৃ: ৭ ২

# এইচএসসি পরীক্ষায় নকল কমেছে

**স্টাফ রিপোর্টার ॥** এইচএসসি পরীক্ষায় দেশব্যাপী নকলের মহোৎসব স্তিমিত হয়ে এসেছে। রবিবার বাংলা ১ম প্রথমপত্র (আবশ্যিক) পরীক্ষায় পাঁচ শিক্ষা বোর্ডে সারা দেশে শেষ খবর পাওয়া পর্যন্ত ২ হাজার

(১১- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## এইচএসসি পরীক্ষায়

(প্রথম পাতার পর)

৯৭১ পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। চট্টগ্রামের একটি কলেজ কেন্দ্রে ভাঙচুর ছাড়া কোথাও কোন গোলযোগের সংবাদ পাওয়া যায়নি। রবিবার রাজশাহী বোর্ডে ১ হাজার ২৩৩, ঢাকা বোর্ডে ৭২৪, কুমিল্লা বোর্ডে ৫৮১, যশোর বোর্ডে ৩৩৪ এবং চট্টগ্রাম বোর্ডে ৯৯ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ঢাকা বোর্ডের ঢাকা মহানগরীতে ১, গাজীপুরে ১০, নরসিংদীতে ১৫১, মানিকগঞ্জে ৫, টাঙ্গাইলে ৬৪, ময়মনসিংহে ১২৫, জামালপুরে ১৫১, শেরপুরে ৮৮, কিশোরগঞ্জে ৫, নেত্রকোনায় ৪৮, ফরিদপুরে ১৩, গোপালগঞ্জে ১৫, রাজবাড়ীতে ১৯, মাদারীপুরে ২১ এবং শরিয়তপুরে ৮ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

কুমিল্লা বোর্ডের কুমিল্লায় ২৮৫, চাঁদপুরে ১২৭, হবিগঞ্জে ১২, ব্রাহ্মণবাড়িয়ায় ৩৩, লক্ষ্মীপুরে ৩৪, ফেনীতে ৬৫, সুনামগঞ্জে ২৫ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

যশোর বোর্ডের পটুয়াখালীতে ৩২, বরগুনায় ৫, পিরোজপুরে ২৫, ভোলায় ১৯, ঝালকাঠীতে ৭, খুলনায় ১৫, বাগেরহাটে ২৩, সাতক্ষীরায় ৮, কুষ্টিয়ায় ৭৬, চুয়াডাঙ্গায় ১৯, মেহেরপুরে ২৯, যশোরে ১৫, ঝিনাইদহে ৩৩, বরিশালে ২৪ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

রাজশাহী বোর্ডের রাজশাহীতে ৯৮, চাঁপাইনবাবগঞ্জে ৮১, কুড়িগ্রামে ১০০, নীলফামারীতে ৫২, গাইবান্ধায় ১৫৫, সিরাজগঞ্জে ২৪৭, পাবনায় ২৮, বগুড়ায় ৪৭, জয়পুরহাটে ৪৮, দিনাজপুরে ২২৯, লালমনিরহাটে ২৬, পঞ্চগড়ে ৭৯ এবং নওগাঁয় ৪৩ পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

চট্টগ্রাম বোর্ডের চট্টগ্রামে ৭৩, কক্সবাজারে ১৭, রাঙামাটিতে ৬ ও খাগড়াছড়িতে ৩ পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

এ ছাড়া পরীক্ষা বিষয়ে দেশের বিভিন্ন স্থান থেকে আমাদের সংবাদদাতারা রিপোর্ট পাঠিয়েছেন। ঠাকুরগাঁও থেকে নিজস্ব সংবাদদাতা জানান, বাংলা পরীক্ষাতেও জেলার অধিকাংশ কেন্দ্রে ব্যাপক নকল ও গণটোকাটুকি হয়েছে। বেশিরভাগ কেন্দ্রে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতা-কর্মীদের নকল সরবরাহে ব্যস্ত থাকতে দেখা গেছে। অনেক কেন্দ্রে বই খুলে পরীক্ষার্থীরা ফ্রী স্টাইলে পরীক্ষা দিয়েছে। বগুড়ার সরকারী শাহ সুলতান কলেজে বহিরাগতরা রবিবার ককটেল বিস্ফোরণ ঘটিয়েছে। কলেজ প্রশাসন ও পুলিশ সূত্র জানায়, দুলাল নামে এক পরীক্ষার্থীর বহিষ্কারাদেশ প্রত্যাহারের জন্য বহিষ্কৃত কতিপয় ছাত্র কলেজ প্রশাসনের ওপর হুমকি ও চাপ সৃষ্টি করে। কিন্তু কলেজ প্রশাসন এতে সাড়া না দেয়ায় তারা কলেজের টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন করে দেয় এবং কয়েকটি ককটেল বিস্ফোরণ ঘটায়। পুলিশ ঘটনাস্থলে এলে পরিস্থিতি শান্ত হয়। নওগাঁর মহাদেবপুর থানার রাইগাঁ কলেজ কেন্দ্র থেকে দু'বস্তা নকল উদ্ধার করে পুড়িয়ে দেয়া হয়। এই কেন্দ্রে কলেজের পিয়নের মাধ্যমে বাইরে থেকে নকল সরবরাহ করতে দেখা গেছে। এ দিকে নওগাঁ জেলা কারাগারের ভিতরে দুই বন্দী পরীক্ষা দিচ্ছে। চট্টগ্রাম থেকে স্টাফ রিপোর্টার জানান, ব্যাপক কড়াকড়ি করায় পরীক্ষা শেষে নগরীর নাসিরাবাদ সরকারী মহিলা কলেজের উপকেন্দ্র নাসিরাবাদ বালিকা বিদ্যালয়ে পরীক্ষার্থীরা ব্যাপক ভাঙচুর চালায়। কয়েক শিক্ষক বাধা দিলে তাদের নাজেহাল করা হয়। উল্লেখ্য, এই উপকেন্দ্রে ওমরগণি এমইএস কলেজের আসন পড়েছে।